



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dsheets.gov.bd](http://www.dsheets.gov.bd)



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১. ১৩৮৮

তারিখ: ১৬/১১/২০২১ খ্রি.

### বিষয়: ২০২২ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীর সন্তান ভর্তি।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.৯৯.০১৩.১৭.৬৪৭; তারিখ: ১৪ নভেম্বর ২০২১

২। মাউন্টি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৩৭৯; তারিখ: ১৬/১১/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদফের পত্রের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ শিক্ষাবর্ষে সারাদেশের সরকারি (সকল) ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের (মহানগর ও জেলা পর্যায়ের) শিক্ষার্থী ভর্তির পদ্ধতি নির্ধারণ এবং বিদ্যমান ভর্তি নীতিমালা সংশোধনের নিমিত্ত ০৩/১১/২০২১ খ্রি। তারিখ অনুষ্ঠিত সভার ৮নং সিঙ্কান্ত “সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীগণের ভর্তির উপর্যুক্ত সন্তান সংখ্যার সমসংখ্যক আসন সংরক্ষিত থাকবে। উল্লেখ্য, শিক্ষক মাধ্যমিক বালক বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপর্যুক্ত সন্তান বালিকা হলে পার্শ্ববর্তী সরকারি বালিকা বিদ্যালয়ে আসন সংরক্ষিত রাখতে হবে। একইভাবে শিক্ষক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপর্যুক্ত সন্তান বালক হলে পার্শ্ববর্তী সরকারি বালক বিদ্যালয়ে আসন সংরক্ষিত রাখতে হবে” মর্মে সিঙ্কান্ত গৃহীত হয়।

উক্ত সিঙ্কান্তের আলোকে প্রতিষ্ঠান প্রধানগণ তাঁর প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীগণের ভর্তির উপর্যুক্ত সন্তান থাকলে অনলাইনে শূন্য আসনের তথ্য প্রদানের সময় উক্ত সংখ্যা সংরক্ষিত রেখে বাকী আসনগুলোর তথ্য প্রদান করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠান যদি বালক হয় এবং শিক্ষার্থী যদি মেয়ে হয় তাহলে পার্শ্ববর্তী বালিকা বিদ্যালয় কর্তৃপক্ষকে উক্ত বিষয়টি লিখিতভাবে অবহিত করে আসন সংরক্ষিত রাখার ব্যবস্থা করতে হবে। একইভাবে প্রতিষ্ঠান যদি বালিকা হয় এবং শিক্ষার্থী যদি ছেলে হয় তাহলে পার্শ্ববর্তী বালক বিদ্যালয় কর্তৃপক্ষকে উক্ত বিষয়টি লিখিতভাবে অবহিত করে আসন সংরক্ষিত রাখার ব্যবস্থা করতে হবে। প্রতিষ্ঠান প্রধানকে শূন্য আসনসহ অন্যান্য তথ্য আগামী ১৭/১১/২০২১ খ্রি। হতে ২২/১১/২০২১ খ্রি। গর্ভত টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট <http://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় প্রবেশ করে প্রদান করতে হবে। এ বিষয়ে আপনার আওতাধীন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতসহ নিম্নোক্ত ছক মোতাবেক তথ্য সংগ্রহপূর্বক এ দণ্ডরকে [dd-sec@dsheets.gov.bd](mailto:dd-sec@dsheets.gov.bd) ই-মেইল ঠিকানায় আগামী ২২/১১/২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

#### তথ্য ছক

ক্রম.	যে প্রতিষ্ঠানে আসন সংরক্ষিত রাখা হয়েছে তার নাম ও ঠিকানা	শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীর নাম (যাদের ভর্তি উপর্যুক্ত সন্তান রয়েছে)	ভর্তি উপর্যুক্ত ছেলে/মেয়ের নাম	ভর্তিক্রম শ্রেণি

#### বিষয়টি অতীব জরুরি।

স্বাক্ষরিত/-

প্রফেসর ড. সৈয়দ মো. পোলাম ফারুক

মহাপরিচালক

#### উপপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

#### সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যাবর্থে:

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক-১)]

২। জেলা প্রশাসক, সকল

৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

[প্রাণি মাউন্টি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৪। জেলা শিক্ষা অফিসার, সকল [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সকল [তথ্য প্রদানের অনুরোধসহ]

৭। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

৮। সংরক্ষণ নথি

মেসেন্স ১৬.১১. ২০২১

(মোহাম্মদ আজিজ উদ্দিন)

উপপরিচালক (মাধ্যমিক)

৫২ ০২-৪১০৫০২৮৩

[dd-sec@dsheets.gov.bd](mailto:dd-sec@dsheets.gov.bd)